৭

দৈনিক ইত্তেফাক

তারিখ ...18. JAN. 1997 ...
পৃঃ ৭ কলাম ...৭...

# অনার্স শ্রেণীতে ভর্তির ক্ষেত্রে অনিয়মের অভিযোগ

আনোয়ার আলদীন ॥ দেশের নামকরা বিভিন্ন কলেজে অনার্স শ্রেণীতে ভর্তির ক্ষেত্রে অনিয়ম চলিতেছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেগুলেশন মানা হইতেছে না। যে যাহারমত নিয়ম-নীতি তৈরী করিয়া ছাত্র-ছাত্রী ভর্তি করিতেছে। ফলে ভর্তিচ্ছু হাজার হাজার ছাত্র-ছাত্রী প্রতারিত হইতেছে। আগামী ২৭শে ফেব্রুয়ারী পর্যন্ত এই ভর্তি প্রক্রিয়া চলিবে।

জানা গিয়াছে, দেশের অন্যতম মহিলা বিশ্ববিদ্যালয় কলেজ ইডেনসহ রাজধানীর কয়েকটি সরকারী ও বেসরকারী কলেজ নিয়ম ভঙ্গ করিয়া ইচ্ছামাফিক নির্দেশনা তৈরী করিয়া ভর্তির ফরম বিক্রয় করিতেছে। জাতীয় বিশ্ববিদ্যালয় অনার্স শ্রেণীতে ভর্তির ন্যূনতম যোগ্যতা ভর্তিচ্ছু সংশ্লিষ্ট বিষয়ে শতকরা ৪৫ নম্বর নির্ধারণ করিলেও এই কলেজগুলি উহা তোয়াক্কা করিতেছে না। তাহারা শতকরা ৪৫ ভাগ নম্বরের স্থলে বিভিন্ন বিষয়ে ভর্তির জন্য ৫০ নম্বর নির্ধারণ করিয়াছে। উহার পাশাপাশি রাজধানীর কয়েকটি বড় সরকারী বিশ্ববিদ্যালয় কলেজে অনার্সে ভর্তি ফরম বিতরণের পর হইতে প্রভাবশালীদের তদবির ও চাপ প্রয়োগ বাড়িয়াছে। (১৫শ পৃঃ দ্রঃ)

## অনার্স শ্রেণীতে

(প্রথম পৃঃ পর)

এই কলেজগুলিতে গত শিক্ষা-বর্ষের ন্যায় ছাত্র-ছাত্রীদের এস-এসসি এবং এইচ এস সি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ভর্তি করা হইতেছে। লিখিত কোন ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে না। জানা গিয়াছে, দেশের কোন বিশ্ব-বিদ্যালয়ে এখনও ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত না হওয়ায় ছাত্র-ছাত্রীরা 'ঝুঁকি' এড়াইতে নামকরা সরকারী কলেজগুলিতে ভর্তি হইতেছে। কাংক্ষিত বিশ্ববিদ্যালয়ে ভর্তি হইতে পারিবে কি-না এই শংকায় কলেজ-গুলিতে অনার্স শ্রেণীতে এখন ভর্তি-যুদ্ধ চলিতেছে।

এই সুযোগে বিখ্যাত বেসরকারী কয়েকটি কলেজ চড়া মূল্যে ভর্তি ফরম বিক্রয় করিয়াছে।